



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্মারক নংঃ-টি-১২/১৮০৯

তারিখঃ ০২/০৫/২০২৩ খ্রি.

উন্মুক্ত নিলাম আহবান বিজ্ঞপ্তি (নোটিশ-১)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক “সিলেট জেলার সিলেট সদর ও বিশ্বনাথ উপজেলায় দশগ্রাম, মাহতাবপুর ও রাজাপুর পরগণা বাজার এলাকা সুরমা নদীর উভয় তীরের ভাঙ্গন হতে রক্ষা” শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট জেলার বিশ্বনাথ এবং সিলেট সদর উপজেলাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিলেট কর্তৃক সুরমা নদী ডেজিৎ করে প্রাপ্ত ডেজড ম্যাটেরিয়াল (নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে) উন্মুক্ত নিলামে বিক্রয়ের নিমিত্তে ক্রয়ে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান আগামী ১৪/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে তফসীল ২ মোতাবেক দাখিল করবেন।

তফসীল-০১ঃ বর্তমানে নিলাম যোগ্য সুরমা নদীর ডেজড ম্যাটেরিয়াল (মাটি/বালির) এর ডাইক এর অবস্থান

ক্রঃ নং	উপজেলার নাম	নদীর নাম	প্যাকেজ নং/ ডাইক নং	ডাইকের অবস্থান/ স্থানের নাম	বালির পরিমাণ (ঘন মিটার)
০১	০২	০৩	০৪	০৫	০৬
০১।	বিশ্বনাথ	সুরমা নদী	DR-05/2022-23 Dyke No-01	লামাকাজী ইউনিয়ন এর অর্ন্তগত লামাকাজী নামক স্থানে সিলেট-সুনামগঞ্জ সড়কের পাশে।	৭২১৪৩.৩৬
০২।	সিলেট সদর		DR-02/2022-23 Dyke No-02	বাদেয়ালি টুকের বাজার এর বিপরীত দিকে	২২৮৭২.৩১

তফসীল-০২ঃ নিলাম সম্পর্কিত তথ্য

নিলাম সিডিউল সংগ্রহের স্থান এবং সময়ঃ	নির্বাহী প্রকৌশলী'র কার্যালয়, বাপাউবো, শাহী ঈদগাহ, সিলেট সময়ঃ ০৩/০৫/২০২৩ খ্রি. হতে ১১/০৫/২০২৩ খ্রি.
নিলাম সিডিউলের মূল্য (সিডিউল কেনার সময় জমা প্রদান করতে হবে)	১০০০ টাকা অফেরত যোগ্য (জেলা প্রশাসক, সিলেট বরাবর পে-ওয়ার্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে)
দরপত্র জমাদানের স্থান এবং সময়ঃ	সাধারণ শাখা, (১ নং ভবন, ৩য় তলা) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট সময়ঃ ১৪/০৫/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত
নিলাম দরপত্র বাস্তু খোলার স্থান এবং সময়ঃ	সাধারণ শাখা, (১ নং ভবন, ৩য় তলা) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট সময়ঃ ১৪/০৫/২০২৩ খ্রি. তারিখ দুপুর ২.৩০ ঘটিকা
নিলাম দরপত্র দাখিলকারীর যোগ্যতাঃ	হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন সনদ এবং মুসক/ভ্যাট সনদধারী যেকোনো আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান


নিলামের শর্তাবলীঃ

০১। তফসীল-০২ মোতাবেক নিলাম সিডিউল সংগ্রহ করে শর্ত মোতাবেক যথাযথভাবে পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে। নিলাম সিডিউলের মূল্য অফেরতযোগ্য।

০২। উন্মুক্ত নিলামে অংশগ্রহণকারীগণকে দরপ্রদানের সময় জামানত বাবদ তার উদ্ধৃত মূল্যের ২৫% টাকা জমা প্রদান পূর্বক (জেলা প্রশাসক, সিলেট বরাবর পে-ওয়ার্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে) নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। সর্বোচ্চ ডাক গ্রহণকারী যোগ্য হিসেবে নির্বাচিত হওয়ার পরে অবশিষ্ট অর্থ পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৩। সর্বোচ্চ ডাক গ্রহণকারী যোগ্য হিসেবে নির্বাচিত হওয়ার পর ১৫ (পনের) দিনের মধ্যে ডেজড ম্যাটেরিয়াল বা মাটি/বালির মূল্য বাবদ অবশিষ্ট মূল্য এবং সর্বোচ্চ ডাককৃত অর্থের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর সহ জেলা প্রশাসক, সিলেট বরাবর পে-ওয়ার্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে (অবশিষ্ট মূল্য, ভ্যাট ও আয়করের জন্য পৃথক ভাবে) পরিশোধ করতে হবে। মাটি/বালির মূল্য কোন ভাবেই কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময় অতিক্রান্ত হলে জামানত বাজেয়াপ্তসহ নিলামটি বাতিল করা হবে। সম্পূর্ণ মূল্য পরিশোধ না করে কোন ক্রমেই মাটি/বালি সংগ্রহ করা যাবে না।

০৪। দরপত্র প্রদানের ক্ষেত্রে প্রতি প্যাকেজের জন্য ০১ টি করে পৃথক সিডিউল ব্যবহার করতে হবে। দুই বা ততোধিক প্যাকেজের জন্য ০১ টি সিডিউল ব্যবহার করা হলে উদ্ধৃত/কোটেশনকৃত দর বাতিল বলে গণ্য হবে।


(স্বাক্ষর আহমেদ)
নির্বাহী প্রকৌশলী

সিলেট পওর বিভাগ, বাপাউবো, সিলেট এবং
সদস্য সচিব, সিলেট জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি